দর্শনার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের ফেন্সিডিলসহ টুটুল গ্রেফতার

দর্শনায় ঘরের মধ্যে অভিযান চালিয়ে খাটের নিচ থেকে ৪০ বোতল ফেন্সিডিলসহ মাদক সম্রাট টুটুলকে গ্রেফতার করছে ডিবি পুলিশ।

জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলা ডিবি শাখার ইনচার্জ, শেখ সফিকুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এ সময় ডিবি পুলিশের এস আই সাজ্জাদ হোসেন, এ এস আই বিজন কুমার ভট্টাচার্য, এ এস আই রমেন কুমার সরকার, এ এস আই আবেদুর রহমান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়, দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক সম্রাট টুটুলের বাড়ি।

এ সময় ডিবি পুলিশ বড় মসজিদ পাড়ার হোসেন আলীর ছেলে শাহিনুজ্জামান টুটুল(৫০)কে ৪০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ গ্রেফতার করে। পরে তার স্বীকারোক্তিতে তার বাড়িতে অভিয়ান চালিযে বসতবাড়ির শয়নকক্ষের খাটের নীচ হতে ৪০ বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল উদ্ধার করে। পরে গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

জীবননগরে দিন ব্যাপী ফ্রি চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন

জীবননগরে দিন ব্যাপী ফ্রি চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন করা হয়েছে । গতকাল সোমবার সকাল ১০টার সময় ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী প্রবীণ কেন্দ্রে দিন ব্যাপী যৌন ও চম রোগের উপর ফ্রি চিকিৎসা ক্যাম্পের

উদ্বোধন করা হয়।

মনোহরপুর ইউনিয়নের ৭নং ওয়াড আওয়ামীলীগের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,ডাঃ মোঃ ফারুক হোসেন,ওয়েভ ফাউন্ডেশনের কমকতা মোঃ লিটন মিয়া প্রমুখ।

জীবননগরে ৭মার্চ উদযাপন উপলক্ষে প্রতিযোগী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ

জীবননগর উপজেলায় ৭মার্চে উদযাপন উপলক্ষে প্রতিযোগী শিক্ষাথীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে সকাল ৮টার সময় জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্মমাল্য দেওয়া হয় এবং দুপুর ১২টার সময় জীবননগর উপজেলা অডিটোরিয়ামে ঐতিহাসিক ৭মার্চ উদযাপন উপলক্ষে চিত্র অংকন, ছড়া-কবিতা ও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের ওপর শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে প্রতিযোগীতায় ১ম ২য় ও ৩য় স্থান বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান হাফিজ, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মোঃ

আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুস সালাম ইশা, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস প্রমুখ।

জীবননগরের তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

জীবননগরে তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে।মঙ্গলবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা চত্বরে এ কৃষি মেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাষ চন্দ্র সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন,বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী কৃষির জন্য,কৃষকের জন্য সব সময় কাজ করে যাচ্ছেন ।কৃষক যাতে চাষাবাদ করতে যেয়ে বিপাকে না পড়েন সে জন্য প্রতি বছরে ভতুকি দিয়ে যাচ্ছেন । এক আধুনিক যুগ কৃষিতেও এখন

আধুনিকের ছোয়া লেগেছে প্রতি বছর জীবননগর উপজেলায় নতুন নতুন চাষ হচ্ছে ।বর্তমান এ উপজেলাতে ড্রাগন,স্ট্রোবেরি,মাল্টা,আনার ফলসহ যে সব নতুন ফলের চাষ হচ্ছে এ ধরনের চাষ বাংলাদেশের কোথাও হবে এমনটা কেউ কখনও ভাবতে পারিনি কিন্তু বর্তমান আধুনিক যুগ হওয়ার ফলে নতুন নতুন চাষ হচ্ছে এবং কৃষিতে উন্নত হচ্ছে।কৃষিতে উন্নয়নের জন্য যা যা দরকার সব ধরনের কাজ করা হবে।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার মোছাঃ শারমিন আক্তার।

চুয়াডাঙ্গায় ৭ মার্চ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় ডিসি সাহিত্য মঞ্চে বেলা সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১- আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় তিনি বলেন, ৫২ বছর আগে এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ এ গর্জে উঠেছিল উত্তাল বাঙ্গালী পরিণত হয়েছিলো জনসমুদ্র। লাখ লাখ মানুষের স্লোগানে উত্তাল হাওয়াই সেদিন উড়েছিলো বাংলাদেশের মানচিত্র খচিত লাল-সবুজের পতাকা। সেদিন লক্ষ লক্ষ মানুষের উপস্থিতিতে সোহরাওয়ার্দী উদ্যান জনসমুদ্রে পরিণত হয়েছিল ।

এসময় তিনি আরো বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নকে বাস্তবায়ন করার জন্য আমাদেরকে এগিয়ে যেতে হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের চরম শিখরে পৌঁছেছে। এ সময় তিনি ৭ মার্চের ভাষণ, মুক্তিযুদ্ধের পটভূমি ও ভাষা আন্দোলন সম্পর্কে সকল অভিভাবকদের তাদের বাচ্চাদের সঠিক তথ্য জনানোর জন্য আহ্বান জানান। মূলত বঙ্গবন্ধুর সেই ভাষণে ছিল ৯ মাসব্যাপী বাংলা মুক্তিসংগ্রামের ঘোষণা ও মূল ভিিও।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক সহ, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ, বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলী, সুশীল সমাজের নাগরিকবৃন্দ, চুয়াডাঙ্গা শিল্পকলা ও শিশু একাডেমির শিল্পীবৃন্দ এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে প্রথম দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ।

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন,চুয়াডাঙ্গা পুলিশ প্রশাসন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ,যুবলীগ, কৃষকলীগ, সেচ্ছাসেবকলীগ এবং জাতির শেষ্ঠ সন্তান চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধা ইউনিট সহ বিভিন্ন ধরনের পেশাজীবী সংগঠন রাজনৈতিক সংগঠন ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা জানিয়েছেন তারা।

মঙ্গলবার (৭ মার্চ) সকাল ৭টা ৫০ মিনিটে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা এক আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন এর পক্ষ থেকে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পার্টি অফিসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন তিনি।

সকাল ৯◌ঃ৩০ এর সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কার্যালয় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ডঃ একেএম সাইফুর রশিদ, আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান সহ বিভিন্ন ধরনের পেশাজীবী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে ঐতিহাসিক ৭ ই মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়।

শ্রদ্ধা জানানো শেষে এক মিনিট নীরবতা পালন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা পুলিশ সুপার ও বিভিন্ন রাজনৈতিক, পেশাজীবী ও সাংস্কৃতিক সংগঠনের সদস্য বৃন্দ সহ জেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ই মার্চ পালন

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন উপলক্ষে পুষ্পস্তাবক অর্পণ আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের বঙ্গবন্ধু মুরালের পাদদেশে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে প্রথমেই উপজেলা পরিষদের বঙ্গবন্ধু মুরালের পাদদেশে ফুল দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদ। এরপর বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আছের উদ্দিন, রুস্তম আলী , উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হেলেনা আক্তার নিপা।

উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান,

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সহসভাপতি হায়দার আলী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, যুগ্ম সম্পাদক শেখ হাতেম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমানসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও ছাত্র ছাত্রী বৃন্দ।

দর্শনায় ডাকাতির প্রস্তুতিকালে মিনি ট্র্যাক ও দেশীয় অস্ত্রসহ

আটক ২

দর্শনা-হিজলগাড়ি সড়কে পুলিশ অভিযান চালিয়ে দেশীয় অস্ত্র ও একটি মিনিট্রাক সহ ২ জন ডাকাতকে আটক করেছে দর্শনা থানা পুলিশ।

গত রোববার দিবাগত রাত পৌনে দুইটার দিকে সড়কের দোস্ত স্কুলপাড়া বাইতুল সালাম মসজিদ ও মাদ্রাসার সামনে থেকে মালামাল উদ্ধার সহ তাদেরকে গ্রেফতার করে।

তারা হলেন কুষ্টিয়ার ইবি থানাধীন চরবাখৈল এলাকার মৃত সুন্নত আলীর ছেলে তরিকুল ইসলাম (১৯) ও একই থানাধীন কন্দপদিয়া এলাকার সাত্তার আলীব ছেলে ইমরান আলী (১৯)।

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে এস আই শেখ রকিবুল ইসলাম, সঙ্গীয় ফোর্সসহ এএসআই কাজী বায়েজীদ সঙ্গীয় ফোর্সসহ নিয়মিত টহল ডিউটিসহ মাদক বিরোধী এবং চোরাচালান অভিযান পরিচালনাকালে দর্শনা থানাধীন দোস্ত এলাকায় ৭/৮ জন ব্যক্তি রাস্তার উত্তর পার্শ্বে পিকআপ ট্রাক রেখে রাস্তার উভয় পার্শ্বে রশি দিয়া প্রতিবন্ধকতা সৃষ্টি করে।এ সময় তারা ডাকাতির প্রস্তুতিকালে দর্শনা থানাধীন দোস্ত স্কুলপাড়ার বাইতুল সালাম মসজিদ ও মাদ্রাসার সামনে অবস্থান করে।পুলিশ দর্শনা হতে হিজলগাড়ীগামী পাকা রাস্তার উপর হতে দেশীয় অস্ত্রসহ তাদেরকে গ্রেফতার করে।তাদের কাছ থেকে ১ টি লোহার তৈরি গাছি দা,২ টি হাসুয়া ১ টি লোহার তৈরি কাস্তে,১ টি সুতার পাকানো দড়ি ও ১ সেট চাবিসহ তাদেরকে আটক করে।বাকী আসামীরা পালিয়ে যায়।দর্শনা থানা পুলিশ মিনি ট্র্যাকসহ যার রেজিঃ নং ঢাকা-ন ১৩-৮৬০৪ সহ তরিকুল ইসলাম ওইমরান আলীকে গ্রেফতার করে।এ ঘটনায় দর্শনা থানায় পলাতক আসামীসহ অজ্ঞাতনামা আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে।

[redacted]

“[redacted],” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গঠনতন্ত্র মোতাবেক দ্রুতই কমিটির পরিচিতি সভা ও লীগ পরিচালনা সম্পর্কিত উপকমিটি গঠন করা হবে। নবনির্বাচিত কমিটি ক্রীড়ার উন্নয়নে সংবাদ মাধ্যম ও সাংবাদিকদের ভূমিকার কথা স্মরণ করেন এবং ধন্যবাদ দেন।

পরিশেষে নবনির্বাচিত কমিটি সকলকে মিষ্টিমুখ করিয়ে অনুষ্ঠান শেষ করেন।

দামুড়হুদায় শিশু শিক্ষার্থীদের মুখে ডিম দিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন

দামুড়হুদায় শিশু শিক্ষার্থীদের মুখে ডিম তুলে দিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে দশমী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশু শিক্ষার্থীদের মুখে ডিম তুলে দিয়ে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: তাসলিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা: রাকিবুল হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বাস্তবায়নে অনুষ্ঠানে ডিমের পুষ্টিগুণ বিষয়ে তুলে ধরা হয।

সেই সাথে প্রতিটি শিশুকে প্রতিদিন সকালে একটি করে ডিম এবং প্রতিদিন রাতে একগ্লাস দুধ খাওয়ানোর পরামর্শ দেয়া হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ভেটেরিনারি সার্জণ ডা: নাজমুল হাসান শাওন।